# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 01 May, 2025

মুন্সীগঞ্জের সিরাজদিখান উপজেলা যুবদলের সদস্য বিপ্লব মাদবরসহ কয়েকজনের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলা ও অপপ্রচারের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচি করা হয়েছে। মালখানগর ইউনিয়ন সর্বস্তর জনগণের আয়োজনে বৃহস্পতিবার (০১ মে) সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার মালখানগর ইউনিয়ন পরিষদের সামনে এ বিক্ষোভ মিছিল ও মানববন্ধন অনুষ্ঠিত হয়। বিক্ষোভ মিছিল ও মানববন্ধনে উপস্থিত ছিলেন, মো. বিজয় মাদবর, মো.আবুল হোসেন, সাইদুল ইসলাম, মামুন খান, বাবু খান, আব্দুল্লাহ আল মামুন, আব্দুল জাব্বর শেখ ও মালখানগর ইউনিয়ন বিএনপি'র বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ। মানববন্ধনে উপজেলা যুবদলের সদস্য বিপ্লব মাদবর ও হোসেন দেওয়ান ধলুর বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলা ও অপপ্রচারের প্রতিবাদে তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন এবং এই বিষয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে সঠিক তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান।

এসময় বক্তারা বলেন, বিপ্লব মাদবর ও হোসেন দেওয়ান ধলুসহ যাদের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক মামলা দেওয়া হয়েছে তারা বিএনপি'র মাঠের কর্মী, বিগত দিনে লড়াই সংগ্রামে রাজপথে ছিল, গত ১৭ বছর আওয়ামী শাসন আমলে তারা আপোষ করেনি, আজকে যারা বিগত দিনে আওয়ামী লীগের থেকে সুযোগ সুবিধা নিয়েছে, বর্তমানে তারা আবার বিএনপি থেকে সুযোগ সুবিধা নিচ্ছে।মূলত রাজনৈতিক প্রতিহিংসার কারণে বিপ্লব মাদবর ও হোসেন দেওয়ান ধলুর বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করে সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার চালাচ্ছে,আমরা

এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। প্রসঙ্গত, গত রবিবার (২৭ এপ্রিল) বেলা ১২টার দিকে তালতলা বাজারে সরকারি রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন কালে বিএনপির দুই গ্রুপে হাতাহাতির ঘটনা ঘটে।এতে উপজেলা যুবদলের সদস্য বিপ্লব মাদবর ও হোসেন দেওয়ান ধলু সহ কয়েকজনের বিরুদ্ধে একটি ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলা দায়ের করা হয় এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার চালানো হয়। তারই প্রতিবাদে এলাকাবাসী আজকের এই বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছেন।

বিক্ষোভ মিছিল ষড়যন্ত্র

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 14:12

URL: https://timestodaybd.com/public/dhaka/278831745